

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৮৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ খতীবের জন্য এটা বৈধ রয়েছে যে তিনি খুতবায় সাজদার আয়াত পাঠ করার পর সাজদা না করে খুতবা চালিয়ে যাবেন

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْخَاطِبِ عِنْدَ قِرَاءَتِهِ السَّجْدَةَ فِي خُطْبَتِهِ أَنْ يَتْرُكَ السُّجُودَ ثُمَّ يَعُودَ إِلَى مَا فِي خُطْبَتِهِ

আরবী

2788 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الْحَكَمِ قَالَ: حَدَّثَنَا اللي وَشعيب قالا: حدثنا الليث فقال: حَدَّثَنَا خَالِدُ بْنُ يَزِيدَ عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِلَالٍ عَنْ عَيْاضِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَعْدٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّهُ قَالَ: عَيْلِ اللَّهِ بْنِ سَعْدٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّهُ قَالَ: خَطَبَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقرأ: {ص} [ص: 1] فَلَمَّا مَرَّ بِالسَّجْدَةِ نَزَلَ فَسَجَدُنَا مَعَهُ وَقَرَأَهَا مَرَّةً أُخْرَى فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ تَيَسَّرْنَا لِلسُّجُودِ فَلَمَّا رَآنَا قَالَ: (إِنَّمَا هِيَ تَوْيَةُ نَبِي وَلَكِنِي أَرَاكُمْ قَدِ اسْتَعْدَتُمْ لِلسُّجُودِ) فنزل فسجد فسجدنا معه. (إنَّمَا هِيَ تَوْيَةُ نَبِي وَلَكِنِي أَرَاكُمْ قَدِ اسْتَعْدَتُمْ لِلسُّجُودِ) فنزل فسجد فسجدنا معه. الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2788 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

قَالَ أَبُو حَاتِمٍ: الصَّوَابُ: (قَدِ استَعْدَدْتُم)

.(1271)

বাংলা

২৭৮৮. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বাবের উপর সূরা সোয়াদ পাঠ করেছেন। অতঃপর যখন সাজদার স্থানে পৌঁছেন, তখন তিনি মিম্বার থেকে নামেন এবং সাজদা করেন অতঃপর লোকজনও তাঁর সাথে সাজদা করেন। তারপর আরেক দিন এই সূরা পাঠ করেন। অতঃপর যখন সাজদার আয়াতে পৌঁছেন, তখন লোকজন সাজদা করার জন্য প্রস্তুত হয়ে যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "নিশ্চয়ই এটা ছিল একজন নাবীর তাওবা সংক্রান্ত ঘটনা। কিন্তু



তোমরা সাজদা করার জন্য প্রস্তুত হয়ে গেছো। অতঃপর তিনি মিম্বার থেকে নামেন এবং সাজদা করেন, লোকজনও সাজদা করেন।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসে বর্ণিত হয়েছে قَدِ اسْتَعْدَتُمْ শব্দ কিন্তু সঠিক শব্দ হলো قَدِ اسْتَعْدَدْتُم استَعْدَدْتُمْ اسْتَعْدَدْتُمْ

ফুটনোট

[1] আবূ দাউদ: ১৪১০; সুনান বাইহাকী: ২/৩১৮; হাকিম: ২/৪৩১-৪৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন